গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুলাউড়া,মৌলভীবাজার।
www.kulauramoulvibazar.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮৬৫.০০০.০০১.০২.০০০৩.২১-১০৪০

তারিখ : ০৭ আষাঢ় ১৪৩৩ / ২১ জুন ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা-২০২১" অনুযায়ী মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্তে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রম. | পদের নাম | পদ সংখ্যা | মাসিক সম্মানী (টাকায়) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | পেশ ইমাম | ০১ (এক) | =১৫,০০০/- (পনেরো হাজার টাকা) | ক) দ্বিতীয় শ্রেনীর কামিল ডিগ্রী/দাওয়ায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে দায়িত্ব পালনের ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন<br>গ) আরবীতে কথা ও আরবীতে উপস্থিত খুৎবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ২. | মুয়াজ্জিন | ০১ (এক) | =১০,০০০/- (দশ হাজার টাকা) | ক) দ্বিতীয় শ্রেনীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৩. | খাদিম | ০২ (দুই) | =৭,৫০০/- (সাত হাজার পাঁচশত টাকা) | ক) দ্বিতীয় শ্রেনীর দাখিল অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>খ) শারীরিকভাবে সুস্থ ও সবল হতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

সকল শর্তসমূহ

০১। প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। প্রার্থীর পূর্ণ নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ ও বয়স, জাতীয়তা, মোবাইল নং, পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর ও তারিখ, শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার বিবরণ উল্লেখপূর্বক উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি, কুলাউড়া বরাবর স্বহস্তে লিখিত আবেদন করতে হবে।

০২। আবেদনপত্রের সাথে (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি, (খ) জাতীয় পরিচয়পত্রের কপি, (গ) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের কপি, (ঘ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ছবি এবং (ঙ) অভিজ্ঞতা সনদপত্রের কপি দাখিল করতে হবে। দরখাস্তের সাথে ছবিসহ অন্যান্য সকল কাগজপত্র ১ম শ্রেণী সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংক পিএলসি এর যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া সভাপতি উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র শিরোনামে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার যুক্ত করতে হবে (পেশ ইমাম পদের জন্য ৫০০/- মুয়াজ্জিন পদের জন্য ৩০০/- এবং খাদিম পদের জন্য ২০০/- টাকা)। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় সকল মূল সনদপত্র উপস্থাপন করতে হবে।

০৩। উপরোক্ত শর্তাধীনে আগ্রহী প্রার্থীকে আগামী ২২/০৬/২০২৬ খ্রি. হতে ২২/০৭/২০২৬খ্রি. রোজ রবিবার এর মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত বাক্সে মুখবন্ধ খামে আবেদনপত্র জমা দিতে হবে। ত্রুটিযুক্ত/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থীকে খামের উপর প্রার্থীর নাম ও পদের নাম লিখতে হবে। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। আগ্রহী প্রার্থীর বয়সসীমা ২২/০৬/২০২৬খ্রি. তারিখে পেশ ইমাম পদের জন্য ২৫-৪৫ বছর এবং মুয়াজ্জিন ও খাদিম পদের জন্য ১৮-৩৫ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। মৌলভীবাজার জেলার প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।

০৫। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। সরকারী/আধা- সরকারী/স্বায়ত্বশাসিত/ বেসরকারী/এমপিওভুক্ত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে স্ব স্ব কর্তৃপক্ষের অনাপত্তিপত্রসহ আবেদন করতে হবে। আবেদনপত্রে ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে নিয়োগের যেকোন পর্যায়ে নিয়োগ বাতিল হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন বা বাতিল এবং যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২১।০৬।২৬
(সানজিদা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক
কেন্দ্র জনবল নিয়োগ কমিটি
কুলাউড়া, মৌলভীবাজার

স্মারক নং-০৫.৪৬.৫৮৬৫.০০০.০০১.০২.০০০৩.২১–১০৪০

তারিখ : ০৭ আষাঢ় ১৪৩৩ / ২১ জুন ২০২৬

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। জেলা প্রশাসক, মৌলভীবাজার

০২। উপজেলা নির্বাহী অফিসার.....................(সকল), মৌলভীবাজার

০৩।। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মৌলভীবাজার

০৪। উপজেলা ......................কর্মকর্তা, কুলাউড়া, মৌলভীবাজার

০৫। অফিসার ইনচার্জ, কুলাউড়া থানা ,মৌলভীবাজার

০৬। উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুলাউড়া (বিজ্ঞপ্তিটি উপজেলা ও ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

০৭। চেয়ারম্যান......................ইউপি (সকল), কুলাউড়া, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি তাঁর সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়ন ও হাটবাজারে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

০৮। উপজেলা ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কুলাউড়া, মৌলভীবাজার

০৯। নোটিশ বোর্ড, উপজেলা ভূমি অফিস, থানা, এলজিইডি, সাব-রেজিস্টার অফিস,অত্র কার্যালয়, কুলাউড়া, মৌলভীবাজার।

21.06.26
(মোঃ আব্দুর রকিব)
ফিল্ড সুপারভাইজার
ও
সদস্য সচিব
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক
কেন্দ্র জনবল নিয়োগ কমিটি
কুলাউড়া, মৌলভীবাজার